

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা

নির্বাচন সহায়তা-২ শাখা

www.ecs.gov.bd

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০১৩.২৩-৩৪০

তারিখঃ ০৬ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২১ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ **সর্বশেষ সংশোধিত চূড়ান্ত মুদ্রিত ভোটার তালিকা অনুসারে মনোনয়নপত্র বাছাই এবং জাতীয় পরিচয়পত্রের জন্য নতুন নিবন্ধনসহ সংশোধন কার্যক্রম অব্যাহত রাখা প্রসঙ্গে**

সূত্রঃ ত্রয়োদশ নির্বাচন কমিশনের ২৪তম সভার কার্যবিবরণী

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশনের ০৫ অক্টোবর ২০২৩ তারিখে অনুষ্ঠিত ২৪তম সভায় জাতীয় পরিচয়পত্রের জন্য **নতুন নিবন্ধনসহ সংশোধন কার্যক্রম অব্যাহত রাখার জন্য** সিদ্ধান্ত প্রদান করেছেন। উল্লেখ্য, ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম ২০২২ এ সংগৃহীত তথ্যের ভিত্তিতে ১৫ জানুয়ারি ২০২৩ তারিখে খসড়া এবং ২ মার্চ ২০২৩ তারিখে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে মাঠ পর্যায়ে ১৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে নতুন অন্তর্ভুক্তি ও ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে ভোটার স্থানান্তর কার্যক্রম সম্পন্ন করার জন্য মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুসারে নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তীতে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ব্যবহারের জন্য মাঠ পর্যায়ে চূড়ান্ত ভোটার তালিকা প্রেরণ করা হয়। উক্ত মুদ্রিত ভোটার তালিকা মনোনয়নপত্র বাছাইসহ অন্যান্য কার্যক্রমে ব্যবহার করতে হবে।

০২। ১৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখের পরও বিভিন্ন কাজের প্রয়োজনে নাগরিকগণ জাতীয় পরিচয়পত্র প্রাপ্তির জন্য তথ্য প্রদান করেন। কিন্তু কিছু কিছু ক্ষেত্রে রেজিস্ট্রেশন অফিসার বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নতুন নিবন্ধন বা এনআইডি প্রাপ্তির প্রয়োজনে নাগরিকগণের বায়োমেট্রিকসহ তথ্যাদি গ্রহণে আপত্তি/অনাগ্রহ দেখান। এ ক্ষেত্রে বাংলাদেশী নাগরিকগণ যেন জাতীয় পরিচয়পত্র সংশ্লিষ্ট নাগরিক সুবিধা হতে বঞ্চিত না হন সে লক্ষ্যে জাতীয় পরিচয়পত্রের জন্য নতুন নিবন্ধনসহ সংশোধন কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন। উল্লেখ্য, এনআইডি সংশোধনের ক্ষেত্রে সংশোধিত তথ্য এবং নতুন নিবন্ধিত ব্যক্তি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য প্রেরিত চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হবে না। তবে, মাননীয় কমিশনের অনুমোদন সাপেক্ষে প্রয়োজন হলে সম্পূরক ভোটার তালিকা প্রেরণ করা হবে। প্রসঙ্গক্রমে আরও উল্লেখ্য যে, কেবল জাতীয় পরিচয়পত্র থাকলেই তিনি আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটার হিসেবে ভোট প্রদান করতে পারবেন না। ভোট প্রদান করতে হলে মুদ্রিত ভোটার তালিকায় নাম থাকতে হবে।

০৩। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের মনোনয়নপত্র বাছাইসহ সকল কার্যক্রম সর্বশেষ প্রেরিত চূড়ান্ত ভোটার তালিকা বা সিডি বা মুদ্রিত তালিকা অনুসারে সম্পন্ন করতে হবে। ১৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখের পর মাননীয় নির্বাচন কমিশনের অনুমোদনক্রমে কারও নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত ও ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের পর ভোটার স্থানান্তর করা হলে সম্পূরক ভোটার তালিকা সংশ্লিষ্টগণকে প্রেরণ করা হবে এবং সে ক্ষেত্রে সম্পূরক ভোটার তালিকার ভিত্তিতেও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

০৪। উপরের বর্ণনার আলোকে, জাতীয় পরিচয়পত্র প্রদানের জন্য নতুন নিবন্ধন ও সংশোধন কার্যক্রম অব্যাহত রাখা এবং সর্বশেষ প্রেরিত চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের মনোনয়নপত্র বাছাইসহ সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা.....(সকল)

২। সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার(সকল)

৩। উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার(সকল)


২২.১১.২০২৩
(মোঃ নাসির উদ্দিন চৌধুরী)


সিনিয়র সহকারী সচিব (নিঃসঃ-২)

ফোনঃ ৫৫০০৭৫৫৪

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০১৩.২৩-৩৪০

তারিখঃ ০৬ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২১ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ**অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
- ৩। যুগ্ম-সচিব(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৪। রিটার্নিং অফিসার(সকল)।
- ৫। সিস্টেম ম্যানেজার (কারিগরি), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
- ৬। উপসচিব(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৭। পরিচালক (অপারেশন্স), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
- ৮। সহকারী রিটার্নিং অফিসার(সকল)।
- ৯। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার। (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১০-১৩। একান্ত সচিবগণ মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ। (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
- ১৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)


22.11.2023
সিনিয়র সহকারী সচিব
(নিঃসঃ-২)